

## জেএসসি-জেডিসির ৪৬ প্রতিষ্ঠানে শতভাগ ফেল

### বিশ্ববিদ্যালয় রিপোর্টার

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) এবং জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষায় ৩৩টি প্রতিষ্ঠানের শতভাগ শিক্ষার্থী ফেল করেছে। এর মধ্যে জেএসসির ২৩টি এবং জেডিসির ২০টি প্রতিষ্ঠান রয়েছে। এছাড়া প্রাথমিক শিক্ষা সমাপনী ও ইকোডায়ারি শিক্ষা সমাপনী পরীক্ষায় শূন্য পাস করা প্রতিষ্ঠানের কোনো তথ্য দেয়নি। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। জেএসসিতে ১৯ হাজার ৪৬৭টি প্রতিষ্ঠান থেকে শিক্ষার্থীরা পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ২৩টি প্রতিষ্ঠানের শতভাগ শিক্ষার্থী ফেল করেছে। এছাড়া ৫ হাজার ৭৯৯টি প্রতিষ্ঠানের শতভাগ শিক্ষার্থী পাস করেছে। জেডিসিতে ৯ হাজার ৮০টি প্রতিষ্ঠান থেকে শিক্ষার্থীরা পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ২০টি প্রতিষ্ঠানের শতভাগ শিক্ষার্থী ফেল এবং ২ হাজার ৭৮৪টি প্রতিষ্ঠান থেকে শতভাগ শিক্ষার্থী পাস করেছে। এদিনে ইকোডায়ারি শিক্ষা সমাপনী পরীক্ষায় ১১ হাজার ৫৪৯টি মাদ্রাসা থেকে শিক্ষার্থীরা পরীক্ষায় অংশ নেয়। তবে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় কত প্রতিষ্ঠান থেকে শিক্ষার্থীরা অংশ নিয়েছে তার কোনো তথ্য দেয়া হয়নি। এবার ফলাফলের সারসংক্ষেপও সরবরাহ করা হয়নি। বৃহস্পতিবার ফল প্রকাশ উপলক্ষে আয়োজিত শতভাগ : পৃষ্ঠা ৭ : কলাম ৬

### শতভাগ : ফেল

(৩য় পৃষ্ঠার পর)

সংবাদ সম্মেলনে মন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রুহমান সাংবাদিকদের প্রশ্নবানে জড়িত হন। দায়সারা গোছের ফল প্রকাশ কিনা— এমন প্রশ্নের জবাবে মন্ত্রী একপর্যায়ে উত্তেজিত হয়ে যান।